

ক্যান্সারের লক্ষণ ও উপসর্গসমূহ

আপনার শরীরে অস্বাভাবিক কিছু দেখতে গেলে অথবা এই লিফলেটে উল্লিখিত যেকোনো লক্ষণ ও উপসর্গ দেখা দিলে আপনার GP প্র্যাকটিসের সাথে যোগাযোগ করুন। যদি সেটা গুরুতর নাও হয়, তবুও পরীক্ষা করে নেওয়াই ভালো।

নিচের এগুলো ক্যান্সারের লক্ষণ ও উপসর্গ হতে পারে:

- শরীরের যেকোনো জায়গায় অস্বাভাবিক মাংসপিণ্ড বা মাংস ফুলে যাওয়া
- রঙ বা আকার পরিবর্তন করে এমন তিল অথবা চুলকানি, ত্বকের ক্ষত, খোসা ছাড়ানো বা রক্তপাত শুরু হওয়া
- আপনার মলের সাথে রক্ত আসা
- আপনার প্রসাবের সাথে রক্ত আসা – এমনকি একবারের জন্য
- আকস্মিক বা অস্বাভাবিক রক্তপাত ক্যান্সারের লক্ষণ হতে পারে যেমন:
 - আপনার মলদ্বার থেকে রক্তপাত হওয়া
 - আপনার কফ বা বমির সাথে রক্ত আসা
 - আপনার মেনোপজের পরবর্তী সময়, মাসিকের মাঝামাঝি সময় অথবা যৌন মিলনের পরে স্ত্রী যৌনাঙ্গ (ভ্যাজিনা) থেকে রক্তপাত হওয়া
- শ্বাসকষ্ট হওয়া
- বার বার সংক্রমিত হওয়া
- রাতে অস্বাভাবিক ঘাম হওয়া, ওজন কমে যাওয়া বা খিটখিটে মেজাজ।



Jyoti Sood, GP

আরো কিছু লক্ষণ সম্পর্কে জানতে
অনুগ্রহ করে এই লিফলেটের পিছনের
অংশটি দেখুন।

Clear on
cancer

Help us
help you

আপনি যদি এইসব উপসর্গ দেখতে পান এবং এগুলো যদি তিন সপ্তাহ বা তার বেশি সময় ধরে চলতে থাকে, তাহলে তা ক্যান্সারের লক্ষণ হতে পারে:

- কাশি হওয়া অথবা আগে থেকে রয়েছে এমন কাশিতে পরিবর্তন আসা
- মুখের মধ্যে এমন ঘা বা আলসার যা সারে না
- পেটের সমস্যায় ভোগা যেমন পেটে অস্বস্তি বোধ করা বা ডায়রিয়া হওয়া
- কোনো কারণ ছাড়াই ক্লান্তি বা দুর্বল অনুভব করা
- বুক জ্বালাপোড়া করা বা বদহজম হওয়া
- অস্বাভাবিক, ফ্যাকাশে বা তৈলাক্ত মলাশয়
- অকারণে ব্যথা হওয়া বা অস্বস্তি অনুভব করা
- বেশিরভাগ দিনেই পেট ফুলে যাওয়া।

এই লিফলেটে উল্লিখিত যেকোনো লক্ষণ ও উপসর্গ দেখা দিলে আপনার GP প্র্যাকটিসের সাথে যোগাযোগ করুন।

এটি সম্ভবত গুরুতর কিছু নয়, তবে প্রাথমিক অবস্থায় ক্যান্সার শনাক্ত করা গেলে চিকিৎসা করা সহজ হয় এবং জীবন বাঁচানো যায়। ক্যান্সার প্রতিরোধ করার জন্য আপনার GP আপনাকে পরীক্ষা করানোর জন্য বলতে পারেন। ফলাফল যাই আসুক, এখানে আপনার NHS সর্বদা আপনার পাশে রয়েছে।

আপনার উপসর্গগুলো চলতে থাকলে, সেগুলোর মধ্যে পরিবর্তন দেখা গেলে বা আরো অবনতি হলে, আপনার GP প্র্যাকটিসের সাথে পুনরায় যোগাযোগ করা অত্যন্ত জরুরি।

ক্যান্সারের লক্ষণ ও উপসর্গসমূহ সম্পর্কে

আরো তথ্যের জন্য এখানে যান:

[nhs.uk/cancersymptoms](https://www.nhs.uk/cancersymptoms)

**Clear on
cancer**

**Help us
help you**